ত্রয়োদশ অধ্যায়

দারিদ্র বিমোচন

[ঘনবসতিপূর্ণ ও সীমিত সম্পদের এদেশে ২০০৫ সালে চরম দারিদ্রের হার (মাথা-গননা পদ্ধতিতে) ছিল শতকরা ৪০.৪ (বাংলাদেশের খানা আয় ও ব্যয় জরিপ- HIES ২০০৫ অনুয়ায়ী) যা ২০১০ এ নেমে দাঁড়িয়েছে ৩২.৫ শতাংশে (বাংলাদেশের খানা ব্যয় জরিপ- HIES ২০১০ এর প্রাথমিক হিসাব মতে)। অপরদিকে UNDP- Human Development Report ২০১০ এর তথ্যমতে Multi-dimensional Poverty Index (MPI) এ বাংলাদেশের মান ছিল ০.২৯১। পরিকল্পিত অর্থনৈতিক উন্নয়নের মাধ্যমে ২০১৩ ও ২০২১ সালের মধ্যে এ দারিদ্রের হার যথাক্রমে ২৫ শতাংশ ও ১৫ শতাংশে নামিয়ে আনার লক্ষ্যে অতি দরিদ্রদের জন্য টেকসই সামাজিক নিরাপত্তা বেষ্টনী গড়ে তোলা, অন্ততঃ ২০১৭ সালের মধ্যে সম্পূর্ণভাবে সহস্রাব্দ উন্নয়ন লক্ষমাত্রা (এমডিজি) অর্জন, দীর্ঘমেয়াদী রূপকল্প হিসাবে 'বাংলাদেশ প্রেক্ষিত পরিকল্পনা (২০১০-২১) এবং ২০১১-২০১৫ মেয়াদের জন্য প্রস্তাবিত ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন- এর বিষয়ে সরকারের জোর প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এ উদ্দেশ্যে ২০১০-১১ অর্থবছরে প্রত্যক্ষ ও পরোক্ষ দারিদ্র নিরসন কার্যক্রমসমূহের ব্যয় বাবদ মোট বরাদ্দ রয়েছে ৭৬,০০১ কোটি টাকা যা মোট বাজেটের ৫৭.৫০ শতাংশ। সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য মোট ১৫৪০৮.১৫ কোটি টাকা বরাদ্দ রয়েছে । এর আওতায়- বয়স্ক ভাতা, স্বামী পরিত্যাক্তা দু:স্থ মহিলাদের ভাতা, অসচ্ছল মুক্তিযোদ্ধা সম্মানী সহ আরো ১১টি কার্যক্রম রয়েছে। এছাড়াও দারিদ্র বিমোচনের লক্ষ্যে আশ্রয়ণ প্রকল্প, একটি বাড়ি একটি খামার, ঘরে ফেরা , মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ, ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুণর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। বাংলাদেশে ইতোমধ্যে 'দারিদ্র ও ক্ষুধা' সংশিণ্টষ্ট ১ নং এমডিজি অর্জনের পথে অগ্রগামী আছে । দারিদ্র বিমোচনে সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), বিভিন্ন ব্যাংক এবং NGO সংশ্লিষ্ট রয়েছে। ৪টি বাণিজ্যিক ব্যাংক ও দুটো বিশেষায়িত ব্যাংকের ডিসেম্বর ২০১০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ক্ষুদ্র ঋণ বিতরণ হয়েছে ১৯১৮৬.৬৯ কোটি টাকা এবং আদায়ের পরিমাণ ২০৪৭৫.৮১ কোটি টাকা। সরকার বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার মাধ্যমে ডিসেম্বর ২০১০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ বিতরণের পরিমাণ ৮১৫০৭.৪৮ কোটি টাকা ও ঋণ আদায়ের পরিমাণ ৭০৮৩০.০৯ কোটি টাকা । দারিদ্র বিমোচনে ক্ষুদ্রঋণ কর্মসচি টেকসই করাসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়নে অর্থ বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থাসমূহের প্রয়াস অব্যাহত রয়েছে।]

দারিদ্রের মাত্রা ও বাংলাদেশের অবস্থান

প্রায় পনের কোটি মানুষের এ দেশে (১,৪৭৫৭০ ব.কি.মি আয়তন বিশিষ্ট) দারিদ্রের প্রকটতা অনস্বীকার্য। সংগত কারণেই বাংলাদেশ সরকারের উন্নয়ন প্রয়াসের অন্যতম প্রধান লক্ষ্য দারিদ্র বিমোচন। স্বাধীনতা-পরবর্তী কাল হতেই দারিদ্র বিমোচনে উল্লেখযোগ্য প্রচেষ্টা গ্রহণ অব্যাহত থাকায় বাংলাদেশে দারিদ্রের প্রকটতা ক্রমান্বয়ে হ্রাস পেয়েছে, এখনো এর ব্যাপকতা ও গভীরতা উদ্বেগজনক। UNDP কর্তৃক প্রকাশিত Human Development Report 2010 অনুযায়ী আয় দারিদ্রের দিক থেকে ২০০৮ সালে এদেশের মোট জনসংখ্যার ৪০ শতাংশ ছিল দরিদ্র। অপরদিকে UNDP- এর উক্ত রিপোর্ট এ বাংলাদেশ নিম্ন মানব উন্নয়ন সূচকের (HDI) তালিকাভুক্ত এবং ১০৪টি দেশের মধ্যে Multi-dimensional Poverty Index (MPI) এ বাংলাদেশের মান ছিল ০.২৯১ (নিম্ন মানের HDI), যেখানে পার্শ্ববর্তী দেশ নেপাল (নিম্ন মানের HDI), ভারত (মধ্যম মানের HDI) , পাকিস্তান (মধ্যম মানের HDI) ও শ্রীলংকার (মধ্যম মানের HDI) MPI মান ছিল যথাক্রমে ০.৩৫০, ০. ২৯৬, ০.২৭৫, ও ০.০২১ ।

একদিকে জনসংখ্যার আধিক্য ও অপর দিকে সম্পদের সীমাবদ্ধতা এ দেশে দারিদ্র মোকাবিলার বড় চ্যালেঞ্জ। তথাপি দারিদ্র বিমোচন সর্বদাই বিশেষ গুরুত্ব সহকারে বিবেচিত হয়ে আসছে এবং পরিকল্পিত অর্থনৈতিক উন্নয়নের মাধ্যমে দারিদ্র দ্রুত হ্রাসে বর্তমান সরকার বদ্ধপরিকর। ১৯৯৬-২০০১ কালমধ্যে দারিদ্র বিমোচনে নানারকম উদ্ভাবনী কর্মসূচি গ্রহণের ফলে দারিদ্র হ্রাসের বার্ষিক গড় হার ০.৫০ শতাংশ থেকে ১.৫০ শতাংশে উন্নীত হয় এবং মানব দারিদ্র সূচক ৪১.৬ শতাংশ থেকে ৩২.০ শতাংশে নেমে আসে। বর্তমান সরকারের লক্ষ্য হচ্ছে ২০১৩ ও ২০২১ সালের মধ্যে দারিদ্রের হার যথাক্রমে ২৫ শতাংশ ও ১৫ শতাংশে নামিয়ে আনা। তাছাড়াও দারিদ্র নির্মূল না হওয়া পর্যন্ত অতি দরিদ্রদের জন্য টেকসই সামাজিক নিরাপত্তা বেষ্টনী গড়ে তোলার বিষয়ে সরকারের জোর প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

ইতোমধ্যে বাস্তবায়িত পাঁচটি পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং একটি দ্বিবার্ষিক পরিকল্পনার মাধ্যমে বাংলাদেশ অর্থনৈতিক উন্নয়ন প্রক্রিয়া ত্বরান্বিত করার অন্যতম লক্ষ্য ছিল দারিদ্র বিমোচন । এ উন্নয়ন কর্মকান্ডসমূহের ফলে বাংলাদেশ আয় ও মানব দারিদ্র দূরীকরণে

উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছে। অন্ততঃ ২০১৭ সালের মধ্যে সম্পূর্ণভাবে সহস্রাব্দ উন্নয়ন লক্ষমাত্রা (এমডিজি) অর্জনের ব্যাপারে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। এ লক্ষ্য অর্জনের ধারাবাহিকতায় সরকার কর্তৃক দ্বিতীয় দারিদ্র নিরসন কৌশল পত্রের সময়োপযোগী সংশোধন (জাতীয় দারিদ্র নিরসন কৌশলপত্র-২ (২০০৯-২০১১): দিন বদলের পদক্ষেপ) করা হয়েছে। বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের সুনির্দিষ্ট লক্ষ্য অর্জনের জন্য দীর্ঘমেয়াদী রূপকল্প হিসাবে 'বাংলাদেশ প্রেক্ষিত পরিকল্পনা (২০১০-২১)' শীর্ষক পরিকল্পনা দলিল চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় আছে। এ রূপকল্প রূপায়নের লক্ষ্যে ২০১১-২০১৫ মেয়াদের জন্য ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনাও অনুমোদনের অপেক্ষায় আছে। এ দীর্ঘমেয়াদী রূপকল্প ও মধ্যমেয়াদী কার্যক্রম হিসেবে ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার মৌলিক উদ্দেশ্য হচ্ছে উচ্চতর প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে দারিদ্র বিমোচন তথা দারিদ্র সীমার নীচে বসবাসকারী জনগণের সংখ্যা বর্তমানের ৩৮ শতাংশ থেকে ১৫ শতাংশে নামিয়ে আনা, এবং ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্য আয়ের দেশে পরিণত করা। উল্লেখ্য, দারিদ্র নিরসনসহ আরো কতিপয় সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য (এমডিজি) অর্জনে বাংলাদেশ ইতোমধ্যেই বেশ সাফল্য লাভ করেছে ।

সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য (এমডিজি) অর্জনে অগ্রগতি

জাতিসংঘ ঘোষিত Millennium Development Goals (MDGs) এর লক্ষ্যসমূহের মধ্যে অন্যতম হচ্ছে- ক্ষুধা ও চরম দারিদ্র ২০১৫ সালের মধ্যে কমিয়ে আনা । UNDP- বাংলাদেশ সরকার কর্তৃক যৌথভাবে "Millennium Development Goals: Bangladesh Progress Report 2010" শীর্ষক প্রকাশিত প্রতিবেদনে সংগৃহীত তথ্য অনুযায়ী, বাংলাদেশে ইতোমধ্যে 'দারিদ্র ও ক্ষুধা' সংশিণ্টষ্ট ১ নং এমডিজি অর্জনের পথে অগ্রগামী আছে । ২০১৫ এর লক্ষ্যমাত্রায় পৌছতে দারিদ্র হ্রাসের বার্ষিক গড় হার ১.২৩ এর বিপরীতে ২০০৫ পর্যন্ত বাংলাদেশের দারিদ্র হ্রাসের বার্ষিক গড় হার ১.৩৪ অর্জিত হয়েছে। দারিদ্র বৈষম্য অনুপাত দ্রুত হ্রাস পেয়ে ৯.০ এ দাঁড়িয়েছে। দারিদ্র সংশ্লিষ্ট সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য (এমডিজি) অর্জনে বাংলাদেশের অগ্রগতি নিম্নলিখিত সারণিতে দেয়া হল:

সারণি ১৩.১ঃ একনজরে দারিদ্র সংশ্লিষ্ট সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য (এমডিজি) অর্জনের অগ্রগতি

উদ্দেশ্য, লক্ষ্য এবং নির্দেশকসমূহ (সংশোধিত)	ভিত্তি বৎসর ১৯৯০-৯১	বর্তমান অবস্থা	২০১৫ এর লক্ষ্যমাত্রা	মন্তব্য
লক্ষ্যমাত্রা ১ঃ চরম দারিদ্র ও ক্ষুধা দূরীকরণ				
লক্ষ্য ১ কঃ দারিদ্র সীমার নীচে বসবাসকারী জনগোষ্ঠীর অনুপাত ১৯৯০-২০১৫ এর মধ্যে অর্ধেকে নামিয়ে আনা				
১.১ জাতীয় উচ্চ দারিদ্র রেখা এর নীচে বসবাসকারী জনসংখ্যার শতকরা অংশ (২১২২ কি. ক্যাল.)	৫৬.৬	৩১.৫ (২০১০ HIES এর প্রাথমিক হিসাব)	২৯.০	→
১.২ দারিদ্র ব্যবধান অনুপাত	১৭.০	৯.০ (২০০৫)	৮.০	→
১.৩ জাতীয় ভোগ এ দরিদ্রতম এক পঞ্চমাংশ জনগোষ্ঠী এর শতকরা অংশ	৬.৫	৫.৩ (২০০৫)	প্রযোজ্য নয়	-
লক্ষ্য ১খঃ মহিলা ও যুবসমাজ সহ সকলের জন্য পুর্ণকালীন ও উৎপাদনমুখী কর্মসংস্থান এবং সম্মানজনক কাজ আহরণ				
১.৫. মোট জনসংখ্যা ও কর্মসংস্থান এর শতকরা হার	৪৮.৫	৫৯.৩ (২০০৯)	সকলের জন্য	↓
লক্ষ্য ১গঃ ক্ষুধাক্লীষ্ট জনগোষ্ঠীর অনুপাত ১৯৯০-২০১৫ এর মধ্যে অর্ধেকে নামিয়ে আনা				
১.৮ পাঁচ বছরের কম বয়সী নিম্ন ওজনসম্পন্ন শিশুদের অবস্থা	৬৬.০	৪৫.০ (২০০৯)	৩৩	
১.৯ নূন্যতম খাদ্যশক্তি এর চেয়ে কম পরিমাণে গ্রহণকারী জনসংখ্যার হার	২৮.০	১৯.৫ (২০০৫)	১৪.০	↓

উৎস: বিবিএস, UNDP বাংলাদেশ, ২০১০। → = on track, ↓ =২০১৫ এর মধ্যে অর্জন সম্ভব নয়

দারিদ্র নিরসন কৌশল কাঠামো

সংশোধিত দ্বিতীয় দারিদ্র নিরসন কৌশলপত্রের (দিন বদলের পদক্ষেপ (২০০৯-১১)) দারিদ্র নিরসন কৌশল কাঠামোর কৌশল ব্লকগুলো হচ্ছে:

১। দরিদ্রবান্ধব প্রবৃদ্ধির জন্য সামষ্টিক অর্থনৈতিক পরিবেশ সৃষ্টি,

২। দরিদ্রবান্ধব প্রবৃদ্ধির জন্য গুরুত্বপূর্ণ খাতগুলোতে বিনিয়োগ বৃদ্ধি,

৩। দরিদ্রবান্ধব প্রবৃদ্ধির জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ,

৪। অরক্ষিত জনগোষ্ঠীর জন্য সামাজিক নিরাপত্তা এবং

৫। মানব সম্পদ উন্নয়ন।

জাতিসংঘ ঘোষিত সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্যমাত্রায় পৌঁছানোর উদ্দেশ্যে ২০১০-১১ অর্থবছরে প্রত্যক্ষ ও পরোক্ষ দারিদ্র নিরসন কার্যক্রমসমূহের ব্যয় বাবদ মোট বরাদ্দ রয়েছে ৭৬,০০১ কোটি টাকা যা মোট বাজেটের ৫৭.৫০ শতাংশ। সামাজিক নিরাপত্তা বেষ্টনীর (সামাজিক নিরাপত্তা ও সামাজিক ক্ষমতায়ন) আওতায় বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য মোট ২০৪৭৬.৪৮ কোটি টাকা বরাদ্দ (সংশোধিত বাজেটে) রয়েছে। সরকারি ও বেসরকারি (এনজিও) পর্যায়ে দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান, আয় বৃদ্ধি এবং তাদের উন্নয়নের জন্য গৃহীত বিভিন্ন কর্মসচির মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর উৎপাদন-স্বত্ব (Entitlement) বৃদ্ধির পাশাপাশি তাদের ক্ষমতায়ন ও সচেতনতা বৃদ্ধি পাচ্ছে। এছাড়া, বিভিন্ন কর্মসূচী যেমন কাজের বিনিময়ে খাদ্য কর্মসচি, ভিজিডি কর্মসচি, গ্রামীণ সড়ক, অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইত্যাদি কর্মসচি দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি করছে। অপরদিকে, শিক্ষা সম্প্রসারণ কর্মসচি যথা-শিক্ষার জন্য খাদ্য/অর্থ, বিশেষ বৃত্তি ও আর্থিক সাহায্য, অবৈতনিক প্রাথমিক শিক্ষা ইত্যাদি মানব উন্নয়নে গুরুত্বপূর্ণ ভমিকা রাখছে।

বাংলাদেশে দারিদ্র পরিমাপ

বাংলাদেশে সর্বপ্রথম খানা ব্যয় জরিপ (Household Expenditure Survey-HES) ১৯৭৩-৭৪ অর্থবছরে পরিচালিত হয় এবং পরবর্তীকালে আরো কয়েকটি জরিপ পরিচালনা করা হয়। সর্বশেষ খানা আয়-ব্যয় জরিপ চালানো হয় ২০০৫ সালে। ১৯৯১-৯২ পর্যন্ত পরিচালিত খানা ব্যয় জরিপে দেশের দারিদ্র পরিমাপের জন্য খাদ্য-শক্তি গ্রহণ (Food Energy Intake - FEI) এবং প্রত্যক্ষ ক্যালরী গ্রহণ (Direct Calorie Intake-DCI) পদ্ধতি অনুসরণ করা হত। দারিদ্র পরিমাপে জনপ্রতি প্রতিদিন ২১২২ কিলোক্যালরীর নীচে খাদ্য গ্রহণকে অনপেক্ষ দারিদ্র (Absolute Poverty) এবং ১৮০৫ কিলোক্যালরীর নীচে খাদ্য গ্রহণকে চরম দারিদ্র (Hard-core Poverty) হিসেবে গণ্য করা হয়। প্রথমবারের মত ১৯৯৫-৯৬ সালে পরিচালিত খানা জরিপে মৌলিক চাহিদা ব্যয় (Cost of Basic Needs -CBN) পদ্ধতি ব্যবহৃত হয়। অনুরূপভাবে, ২০০০ ও ২০০৫ সালের জরিপে একই পদ্ধতি অনুসরণ করা হয়। এ পদ্ধতিতে দারিদ্রসীমা পরিমাপে খাদ্য-বহির্ভত (Non-food) ভোগ্য পণ্য অন্তর্ভুক্ত করা হয়। বিবিএস কর্তৃক সর্বশেষ পরিচালিত খানা আয় ও ব্যয় জরিপ ২০০৫ এর তথ্য মলতঃ এ অধ্যায়ে উপস্থাপন করা হয়েছে।

দারিদ্রের গতিধারা

১৯৯১-৯২ সাল থেকে ২০০০ সালের মধ্যে (CBN উচ্চ দরিদ্র রেখা দ্বারা পরিমাপকৃত) আয় দারিদ্রের হার ৫৮.৮ শতাংশ থেকে ৪৮.৯ শতাংশে নেমে আসে (সারণি ১৩.২)। এ হ্রাসের যৌগিক হার বার্ষিক ১.৮ শতাংশ। তবে দারিদ্রের হার শহর এলাকায় অধিক হ্রাস পেয়েছে (বার্ষিক ২.২% হারে)। অপরদিকে ২০০০ সাল থেকে ২০০৫ সালের মধ্যে আয় দারিদ্রের হার ৪৮.৯ শতাংশ থেকে ৪০.০ শতাংশে নেমে এসেছে এবং এ হ্রাসের যৌগিক হার বার্ষিক ৩.৯ শতাংশ । এ'সময়কালেও দারিদ্রের হার শহর এলাকায় অধিক হ্রাস পেয়েছে (বার্ষিক ৪.২% হারে)।

২০০০ সাল থেকে ২০০৫ সাল পর্যন্ত নগর ও পল্লী উভয় এলাকায় দারিদ্রের গভীরতা (দারিদ্র ব্যবধান দ্বারা পরিমাপিত) ও তীব্রতা (দারিদ্র ব্যবধানের বর্গ দ্বারা পরিমাপিত) প্রায় সমভাবে হ্রাস পেয়েছে । উল্লেখ্য, ১৯৯১-৯২ সাল থেকে ২০০০ সালের মধ্যে পল্লী এলাকায় আয় দারিদ্রের গভীরতা ও তীব্রতা হ্রাসের হার শহর এলাকার চেয়ে অধিক ছিল।

সারণি ১৩.২: আয়-দারিদ্রের গতিধারা

	২০০৫	২০০০	বার্ষিক পরিবর্তন (%) (২০০০-২০০৫)	১৯৯১-৯২	বার্ষিক পরিবর্তন (%) (১৯৯১-৯২ থেকে ২০০০)
মাথা-গণনা সূচক					
জাতীয়	৪০.০	৪৮.৯	-৩.৯	৫৮.৮	-১.৮
শহর	২৮.৪	৩৫.২	-৪.২	৪৪.৯	-২.২
পলণ্টী	৪৩.৮	৫২.৩	-৩.৫	৬১.২	-১.৬
দারিদ্র ব্যবধান					
জাতীয়	৯.০	১২.৮	-৬.৮০	১৭.২	-২.৯
শহর	৬.৫	৯.১	-৬.৫১	১২.০	-২.৫
পলণ্টী	৯.৮	১৩.৭	-৬.৪৮	১৮.১	-২.৮
দারিদ্র ব্যবধানের বর্গ					
জাতীয়	২.৯	৪.৬	-৮.৮১	৬.৮	-৩.৮
শহর	২.১	৩.৩	-৮.৬৪	৪.৪	-২.৭
পলণ্টী	৩.১	৪.৯	-৮.৭৫	৭.২	-৩.৮

উৎস: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর খানা আয় ও ব্যয় জরিপ, ২০০৫

প্রত্যক্ষ ক্যালরি গ্রহণ (DCI) পদ্ধতিতে বাংলাদেশে দারিদ্র প্রবণতা

সারণি ১৩.৩-এ মাথা -গণনা অনুপাতে প্রত্যক্ষ ক্যালরি গ্রহণ (DCI) পদ্ধতিতে বাংলাদেশে দারিদ্র প্রবণতা উপস্থাপিত হল:

সারণি ১৩.৩: মাথা-গণনা অনুপাতে প্রত্যক্ষ ক্যালরি গ্রহণ (DCI) পদ্ধতিতে বাংলাদেশে দারিদ্র প্রবণতা

জরিপ বছর	দারিদ্র সীমার নীচে অবস্থানকারী জনগণ					
	জাতীয়		পল্লী		শহর	
	জনগণ (মিলিয়ন)	জনগণ (%)	জনগণ (মিলিয়ন)	জনগণ (%)	জনগণ (মিলিয়ন)	জনগণ (%)
দারিদ্র রেখা-১: অনপেক্ষ দারিদ্র <= দৈনিক মাথাপিছু ২১২২ কিলো ক্যালরি খাদ্য গ্রহণ পরিমাপে						
২০০৫	৫৬.০	৪০.৪	৪১.২	৩৯.৫	১৪.৮	৪৩.২
২০০০	৫৫.৮	৪৪.৩	৪২.৬	৪২.৩	১৩.২	৫২.৫
১৯৯৫-৯৬	৫৫.৩	৪৭.৫	৪৫.৭	৪৭.১	৯.৬	৪৯.৭
১৯৯১-৯২	৫১.৬	৪৭.৫	৪৪.৮	৪৭.৬	৬.৮	৪৬.৭
দারিদ্র রেখা-২: চরম দারিদ্র <= দৈনিক মাথাপিছু ১৮০৫ কিলো ক্যালরি খাদ্য গ্রহণ পরিমাপে						
২০০৫	২৭.০	১৯.৫	১৮.৭	১৭.৯	৮.৩	২৪.৪
২০০০	২৪.৯	২০.০	১৮.৮	১৮.৭	৬.০	২৫.০
১৯৯৫-৯৬	২৯.১	২৫.১	২৩.৯	২৪.৬	৫.২	২৭.৩
১৯৯১-৯২	৩০.৪	২৮.০	২৬.৬	২৮.৩	৩.৮	২৬.৩

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর খানা আয় ও ব্যয় জরিপ ২০০৫

মাথা-গণনা অনুপাতে ২০০৫ সালে প্রত্যক্ষ ক্যালরি গ্রহণ (DCI) পদ্ধতিতে জাতীয় পর্যায়ে বাংলাদেশে অনপেক্ষ দারিদ্র ছিল ৪০.৪ শতাংশ, পল্লী অঞ্চলে তা ছিল ৩৯.৫ শতাংশ এবং শহরাঞ্চলে ৪৩.২ শতাংশ। এ পদ্ধতিতে ২০০০ থেকে ২০০৫ সালে অনপেক্ষ দারিদ্র ৪.১ শতাংশ হ্রাস পেয়েছে। ২০০০ সালে দারিদ্র সীমার নীচে অবস্থানকারী জনগণের সংখ্যা ছিল ৫.৫৮ কোটি যা ২০০৫ এ বৃদ্ধি পেয়ে ৫.৬০ কোটিতে দাঁড়িয়েছে। দরিদ্র জনসংখ্যা ২০ লক্ষ বৃদ্ধি পেলেও তা পর্বের তুলনায় হ্রাসকৃত হারে বৃদ্ধি পেয়েছে।

মাথা-গণনা অনুপাতে ২০০৫ সালে প্রত্যক্ষ ক্যালরি গ্রহণ (DCI) পদ্ধতিতে জাতীয় পর্যায়ে বাংলাদেশে চরম দারিদ্র ছিল ১৯.৫ শতাংশ, পল্লী অঞ্চলে তা ছিল ১৭.৯ শতাংশ এবং শহরাঞ্চলে ২৪.৪ শতাংশ। এ পদ্ধতিতে জাতীয় পর্যায়ে বাংলাদেশে চরম দারিদ্র ০.৫ শতাংশ, পল্লী অঞ্চলে ০.৮ শতাংশ এবং শহরাঞ্চলে ০.৬ শতাংশ হ্রাস পেয়েছে। । ২০০০ থেকে ২০০৫ সালে চরম দারিদ্র ২০.০ শতাংশ থেকে ১৯.৫ শতাংশে দাঁড়িয়েছে। অনপেক্ষ দারিদ্র এর মত চরম দারিদ্রে অবস্থানকারী জনগণের সংখ্যা ২০০০ সালের তুলনায় ২০০৫ এ বৃদ্ধি পেয়েছে, তবে তা ১৯৯১-৯২ এর তুলনায় হ্রাস পেয়েছে।

মাথা -গণনা অনুপাতে মৌলিক চাহিদা ব্যয় পদ্ধতি অনুযায়ী বিভাগওয়ারী দারিদ্র প্রবনতা

মৌলিক চাহিদার ব্যয় পদ্ধতি ব্যবহার করে বিভাগওয়ারী দারিদ্রের হার সারণি ১৩.৪-এ উপস্থাপন করা হল:

সারণি ১৩.৪: মৌলিক চাহিদার ব্যয় অনুসারে বিভাগওয়ারী দারিদ্রের হার (মাথা-গণনা অনুপাত)

জাতীয়/বিভাগ	২০০৫			২০০০		
	নিম্ন দারিদ্র রেখা ব্যবহার করে					
	জাতীয়	পল্লী	শহর	জাতীয়	পল্লী	শহর
জাতীয়	**২৫.১**	**২৮.৬**	**১৪.৬**	**৩৪.৩**	**৩৭.৯**	**২০.০**
বরিশাল	৩৫.৬	৩৭.২	২৬.৪	৩৪.৭	৩৫.৯	২১.৭
চট্টগ্রাম	১৬.১	১৮.৭	৮.১	২৭.৫	৩০.১	১৭.১
ঢাকা	১৯.৯	২৬.১	৯.৬	৩৪.৫	৪৩.৬	১৫.৮
খুলনা	৩১.৬	৩২.৭	২৭.৮	৩২.৩	৩৪.০	২৩.০
রাজশাহী	৩৪.৫	৩৫.৬	২৮.৪	৪২.৭	৪৩.৯	৩৪.৫
সিলেট	২০.৮	২২.৩	১১.০	২৬.৭	২৬.১	৩৫.২
	উচ্চ দারিদ্র রেখা ব্যবহার করে					
জাতীয়	**৪০.০**	**৪৩.৮**	**২৮.৪**	**৪৮.৯**	**৫২.৩**	**৩৫.২**
বরিশাল	৫২.০	৫৪.১	৪০.৪	৫৩.১	৫৫.১	৩২.০
চট্টগ্রাম	৩৪.০	৩৬.০	২৭.৮	৪৫.৭	৪৬.৩	৪৪.২
ঢাকা	৩২.০	৩৯.০	২০.২	৪৬.৭	৫৫.৯	২৮.২
খুলনা	৪৫.৭	৪৬.৫	৪৩.২	৪৫.১	৪৬.৪	৩৮.৫
রাজশাহী	৫১.২	৫২.৩	৪৫.২	৫৬.৭	৫৮.৫	৪৪.৫
সিলেট	৩৩.৮	৩৬.১	১৮.৬	৪২.৪	৪১.৯	৪৯.৬

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর খানা আয় ও ব্যয় জরিপ ২০০৫

সারণি হতে দেখা যায় যে, জাতীয় পর্যায়ে নিম্ন দারিদ্র রেখা ব্যবহার করে যেখানে দেশের দারিদ্রের হার হল ২৫.১ শতাংশ, সেখানে উচ্চ দারিদ্র রেখা ব্যবহার করে তা দাঁড়ায় ৪০.০ শতাংশে। উভয় ক্ষেত্রেই গ্রামাঞ্চলের দারিদ্রের চেয়ে শহরাঞ্চলের দারিদ্র অনেক কম।

জমির মালিকানা ভিত্তিতে দারিদ্র প্রবণতা

সারণি ১৩.৫ এ জমির মালিকানার ভিত্তিতে (উচ্চ ও নিম্ন দারিদ্র রেখা ব্যবহার করে সিবিএন পদ্ধতিতে) দারিদ্র প্রবণতা দেখানো হল:

সারণি ১৩.৫: জমির মালিকানা ভিত্তিতে দারিদ্র প্রবণতা-২০০৫ (%)

জমির আয়তন (একর)	২০০৫			২০০০		
	নিম্ন দারিদ্র রেখা ব্যবহার করে					
	জাতীয়	পল্লী	শহর	জাতীয়	পল্লী	শহর
সকল	**২৫.১**	**২৮.৬**	**১৪.৬**	**৩৪.৩**	**৩৭.৯**	**২০.০**
ভূমিহীন	২৫.২	৪৯.৩	১৭.৮	৩০.৪	৫৩.১	২০.৫
<০.০৫	৩৯.২	৪৭.৮	২৩.৭	৪৩.৩	৪৮.৮	২২.৩
০.০৫-০.৪৯	২৮.২	৩৩.৩	১১.৪	৪০.০	৪১.৭	১২.৬
০.৫০-১.৪৯	২০.৮	২২.৮	৯.১	২৯.৬	৩০.৬	১৫.৪
১.৫০-২.৪৯	১১.২	১২.৮	২.৭	২১.৯	২২.৯	১.৪
২.৫০-৭.৪৯	৭.০	৭.৭	৩.০	১১.৫	১২.৪	০.০
৭.৫০+	১.৭	২.০	০.০	৪.০	৪.১	০.০
	উচ্চ দারিদ্র রেখা ব্যবহার করে					
সকল	**৪০.০**	**৪৩.৮**	**২৮.৪**	**৪৮.৯**	**৫২.৩**	**৩৫.২**
ভূমিহীন	৪৬.৩	৬৬.৬	৪০.১	৪৬.৬	৬৯.৭	৩৬.৬
<০.০৫	৫৬.৪	৬৫.৭	৩৯.৭	৫৭.৯	৬৩.০	৩৮.৩
০.০৫-০.৪৯	৪৪.৯	৫০.৭	২৫.৭	৫৭.১	৫৯.৩	২৭.৩
০.৫০-১.৪৯	৩৪.৩	৩৭.১	১৭.৪	৪৬.২	৪৭.৫	২৭.৪
১.৫০-২.৪৯	২২.৯	২৫.৬	৮.৮	৩৪.৩	৩৫.৪	১০.২
২.৫০-৭.৪৯	১৫.৪	১৭.৪	৪.২	২১.৯	২২.৮	৯.১
৭.৫০+	৩.১	৩.৬	০.০	৯.৫	৯.৭	০.০

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর খানা আয় ও ব্যয় জরিপ, ২০০৫।

২০০৫ সালে উচ্চ দারিদ্র রেখা ব্যবহার করে দারিদ্র পরিমাপে দেখা যায় যে, ৪৬.৩ শতাংশ জনগণ ভমিহীন, ৫৬.৪ শতাংশ জনগণের জমির পরিমাণ ০.০৫ একরের নীচে, ৪৪.৯ শতাংশ জনগণের জমির পরিমাণ ০.০৫-০.৪৯ একর, ৩৪.৩ শতাংশ জনগণের জমির

পরিমাণ ০.০৫-১.৪৯, ২২.৯ শতাংশের জমির পরিমাণ ১.৫-২.৪৯ একর, ১৫.৪ শতাংশের জমির পরিমাণ ২.৫-৭.৪৯ একর এবং ৩.১ শতাংশের জমির পরিমাণ ৭.৫ একর বা তার উর্ধ্বে । এছাড়া, মাথা গণনা অনুপাতে নিম্ন দারিদ্র রেখার ক্ষেত্রে দারিদ্র পরিমাপে লক্ষ্যণীয় যে, ৩৯.২ শতাংশের জমির পরিমাণ ০.০৫ একরের নীচে, ২৮.২ শতাংশের জমির পরিমাণ ০.০৫-০.৪৯ একর, ২০.৮ শতাংশের জমির পরিমাণ ১.৫-২.৪৯ একর, ১১.২ শতাংশের জমির পরিমাণ ১.৫-২.৪৯ একর, ৭.০ শতাংশের জমির পরিমাণ ২.৫০-৭.৪৯ একর এবং ১.৭ শতাংশের জমির পরিমাণ ৭.৫ একর বা তার উর্ধ্বে । দেখা যায় যে, ভূমিহীন ও নগণ্য পরিমাণ ভূমি সম্পন্ন জনগনের হার বেশী। সুতরাং দারিদ্র পরিস্থিতির উন্নয়ন করতে হলে ভমিহীন প্রান্তিক চাষীদের ভাগ্যোন্নয়ন প্রয়োজন।

মাথাপিছু মাসিক আয়, ব্যয় ও ভোগ-ব্যয়

ব্যয় এবং ভোগ-ব্যয়ের পার্থক্য এই যে, ব্যয় স্থায়ী জিনিসপত্র ক্রয়ের সাথে সংশ্লিষ্ট, যা ভোগ-ব্যয়ের সাথে সম্পর্কিত নয়। ১৯৯১-৯২ থেকে ২০০৫ সাল পর্যন্ খানার মাসিক নামিক (Nominal) আয়, ব্যয় এবং ভোগ-ব্যয় সারণি ১৩.৬ তে উপস্থাপন করা হল:

সারণি ১৩.৬: মাথাপিছু মাসিক আয়, ব্যয় ও ভোগ-ব্যয় পরিস্থিতি

জরিপ বৎসর	অঞ্চল	মাসিক গড় (টাকা)		
		আয়	ব্যয়	ভোগব্যয়
২০০৫	জাতীয়	৭২০৩	৬১৩৪	৫৯৬৪
	পল্লী	৬০৯৬	৫৩১৯	৫১৬৫
	শহর	১০৪৬৩	৮৫৩৩	৮৩১৫
২০০০	জাতীয়	৫৮৪২	৪৮৮৬	৪৫৪২
	পল্লী	৪৮১৬	৪২৫৭	৩৮৭৯
	শহর	৯৮৭৮	৭৩৬০	৭১৪৯
১৯৯৫-৯৬	জাতীয়	৪৩৬৬	৪০৯৬	৪০২৬
	পল্লী	৩৬৫৮	৩৪৭৩	৩৪২৬
	শহর	৭৯৭৩	৭২৭৪	৭০৮৪
১৯৯১-৯২	জাতীয়	৩৩৪১	২৯৪৪	২৯০৪
	পল্লী	৩১০৯	২৭২১	২৬০৪
	শহর	৪৮৩২	৪৩৭৭	৪২৮০

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর খানা আয় ও ব্যয় জরিপ, ২০০৫

সারণি ১৩.৬ এ লক্ষ্য করা যায় যে, খানার মাসিক নামিক (Nominal) আয়, ব্যয় এবং ভোগ-ব্যয় ক্রমবর্ধমান। ২০০৫ সালে খানার মাসিক নামিক (Nominal) আয় জাতীয় পর্যায়ে ৭২০৩ টাকা হলেও পল্লী এলাকায় তা ৬০৯৬ টাকা এবং শহরাঞ্চলে তা ১০৪৬৩ টাকা। অন্যদিকে, ২০০০ সালে জাতীয় পর্যায়ে খানার মাসিক নামিক (Nominal) আয় ছিল ৫৮৪২ টাকা, যা ২০০৫ সালে ২৩.৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং ১৯৯১-৯২ সালের তুলনায় তা ১১৫.৫৯ শতাংশ বেশী। ২০০৫ সালে জাতীয় পর্যায়ে গড় মাসিক ব্যয় অনুমিত হয়েছিল ৬১৩৪ টাকা, যা পল্লী অঞ্চলে ছিল ৫৩১৯ টাকা এবং শহরাঞ্চলে ছিল ৮৫৩৩ টাকা। ২০০০ সালে জাতীয় পর্যায়ে, পল্লী অঞ্চলে, এবং শহরাঞ্চলে তা পর্যায়ক্রমিকভাবে ৪৮৮৬ টাকা, ৪২৫৭ টাকা এবং ৭৩৬০ টাকা ছিল । ২০০৫ সালে খানার মাসিক নামিক (Nominal) ব্যয় ২০০০ এর তুলনায় ২৫.৫৪ শতাংশ এবং ১৯৯১-৯২ সালের তুলনায় ১০৮.৩৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

২০০৫ সালে খানার মাথাপিছু মাসিক নামিক (Nominal) ভোগব্যয় জাতীয় পর্যায়ে ৫৯৬৪ টাকা অনুমিত হলেও পল্লী এলাকায় তা ৫১৬৫ টাকা এবং শহরাঞ্চলে তা ৮৩১৫ টাকা নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য, ২০০০ সালে জাতীয় পর্যায়ে, পল্লী অঞ্চলে, এবং শহরাঞ্চলে তা যথাক্রমে ৪৫৪২ টাকা, ৩৮৭৯ টাকা এবং ৭১৪৯ টাকা ছিল । মাসিক গড় ভোগ ব্যয় ২০০৫ সালে ২০০০ সালের তুলনায় ৩১.৩ শতাংশ এবং ১৯৯১-৯২ সালের তুলনায় ১০৫.৩৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

জাতীয় পর্যায়ে পরিবারভিত্তিক আয় বন্টন এবং জিনি অনুপাত

২০০০ এবং ২০০৫ সালে পরিচালিত জরিপে পরিবার ভিত্তিক আয় বন্টনের শতকরা হার এবং জিনি অনুপাত সারণি ১৩.৭ এ উপস্থাপন করা হল:

সারণি ১৩.৭: জাতীয় পর্যায়ে পরিবারভিত্তিক আয় বন্টন (শতাংশ) এবং জিনি অনুপাত

পরিবার গ্রুপ	২০০৫			২০০০		
	মোট	পল্লী	শহর	মোট	পল্লী	শহর
জাতীয় পর্যায়	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০
সর্বনিম্ন ৫%	০.৭৭	০.৮৮	০.৬৭	০.৯৩	১.০৭	০.৭৯
ডিসাইল-১	২.০০	২.২৫	১.৮০	২.৪১	২.৮০	২.০২
ডিসাইল -২	৩.২৬	৩.৬৩	৩.০২	৩.৭৬	৪.৩১	৩.০৭
ডিসাইল -৩	৪.১০	৪.৫৪	৩.৮৭	৪.৫৭	৫.২৫	৩.৮৪
ডিসাইল -৪	৫.০০	৫.৪২	৪.৬১	৫.২২	৫.৯৫	৪.৬৮
ডিসাইল -৫	৫.৯৬	৬.৪৩	৫.৬৬	৬.১০	৬.৮৪	৫.৬০
ডিসাইল -৬	৭.১৭	৭.৬৩	৬.৭৮	৭.০৯	৭.৮৮	৬.৭৪
ডিসাইল -৭	৮.৭৩	৯.২৭	৮.৫৩	৮.৪৫	৯.০৯	৮.২৪
ডিসাইল -৮	১১.০৬	১১.৪৯	১০.১৮	১০.৩৯	১০.৯৭	১০.৪৬
ডিসাইল -৯	১৫.০৭	১৫.৪৩	১৪.৪৮	১৪.০০	১৪.০৯	১৪.০৪
ডিসাইল -১০	৩৭.৬৪	৩৩.৯২	৪১.০৮	৩৮.০১	৩২.৮১	৪১.৩২
সর্বোচ্চ ৫%	২৬.৯৩	২৩.০৩	৩০.৩৭	২৮.৩৪	২৩.৫২	৩১.৩২
জিনি অনুপাত	০.৪৬৭	০.৪২৮	০.৪৯৭	০.৪৫১	০.৩৯৩	০.৪৯৭

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর খানা আয় ও ব্যয় জরিপ, ২০০৫

সারণি ১৩.৭ বিশ্লেষণ করলে দেখা যায় যে, ডিসাইল-১ থেকে ডিসাইল-৫ভুক্ত পরিবারগুলোর জাতীয় পর্যায়ে আয় ২০০০ সালের তুলনায় ২০০৫ সালে হ্রাস পেয়েছে। অন্যদিকে ডিসাইল-৬ থেকে ডিসাইল-৯ ভুক্ত পরিবারগুলোর আয় ২০০০ সালের তুলনায় ২০০৫ সালে বৃদ্ধি পেয়েছে। এখানে লক্ষ্যণীয় যে সর্বনিম্ন ৫ শতাংশ পরিবারের আয় ২০০০ সালে জাতীয় আয়ের প্রায় ১ শতাংশ থাকলেও (০.৯৩ শতাংশ) ২০০৫ সালে তা কমে ০.৭৭ শতাংশে দাঁড়িয়েছে। অবশ্য একই সময়ে সর্বোচ্চ ৫ শতাংশের আয়ও (২৮.৩৪ শতাংশ থেকে ২৬.৯৩ শতাংশে) হ্রাস পেয়েছে। সর্বোপরি জিনি অনুপাত ২০০০ সালের তুলনায় ২০০৫ সালে বৃদ্ধি পেয়েছে যা সমাজের বৈষম্য বৃদ্ধির ইঙ্গিত বহন করে।

মাথা পিছু ভোগ্যপণ্য ও সেবা বাবদ ব্যয়

১৩.৮ সারণিতে দেখা যায় যে, বাজার মল্যে মাথাপিছু ভোগ্য পণ্য ও সেবা বাবদ ব্যয় ১৯৯৫-৯৬ সালের ১১,১০৮ টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০০৯-১০ অর্থবছরে এসে দাঁড়িয়েছে ৩২,০২২ টাকায়। এ ক্ষেত্রে ১৯৯৫-৯৬ অর্থবছর থেকে ২০০৯-১০ পর্যন্ত যৌগিক প্রবৃদ্ধি ৭.৮৬। অন্যদিকে মাথাপিছু প্রকৃত ভোগ্য পণ্য ও সেবা বাবদ ব্যয় ১৯৯৫-৯৬ অর্থবছরে ১১,১০৮ টাকা থেকে ২০০৯-১০ অর্থবছর ১৬,২৭৪ টাকায় (১৯৯৫-৯৬ অর্থবছরের মল্যে) এসে দাঁড়িয়েছে। এখানে ব্যয়ের যৌগিক প্রবৃদ্ধি হল ২.৭৭।

সারণি ১৩.৮: মাথা পিছু ভোগ্য পণ্য ও সেবা বাবদ ব্যয়

(টাকায়)

অর্থ বছর	বাজার মূল্যে মাথাপিছু ভোগ্য পণ্য ও সেবা বাবদ ব্যয়	প্রকৃত মাথাপিছু ভোগ্য পণ্য ও সেবা বাবদ ব্যয় (১৯৯৫-৯৬ এর মূল্যে)
১৯৯৫-৯৬	১১,১০৮	১১,১০৮
১৯৯৬-৯৭	১১,৭৮১	১১,৩৩২
১৯৯৭-৯৮	১২,৫২৯	১১,০৯১
১৯৯৮-৯৯	১৩,৫১৬	১১,১৭৬
১৯৯৯-০০	১৪,৩৫৩	১১,৫৪৬
২০০০-০১	১৫,১২৬	১১,৯৩৭
২০০১-০২	১৫,৯৫২	১২,২৪৬
২০০২-০৩	১৭,১২৯	১২,৫৯৮
২০০৩-০৪	১৮,৪৫৬	১২,৮২৫
২০০৪-০৫	২০,১৪৫	১৩,১৪৭
২০০৫-০৬	২২,২৪১	১৩,৬২৯
২০০৬-০৭	২৪,৯০৮	১৪,৩৩৬
২০০৭-০৮	২৮,৫২১	১৪,৯৩২
২০০৮-০৯	৩১,৮২৭	১৫,৬২২
২০০৯-১০	৩২০২২	১৬২৭৪
২০১০-১১	৪২৮১৪	১৬৩৫০
যৌগিক প্রবৃদ্ধি (১৯৯৬-২০১১)	১০.১১	২.৮

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর 'National Accounts Statistics' -এর বিভিন্ন সংখ্যা এবং অর্থ বিভাগ কর্তৃক গাণিতিক হিসাব।

দারিদ্র বিমোচনে গৃহীত কার্যক্রম

- **সামাজিক নিরাপত্তা**

বাংলাদেশের অর্থনীতিকে চাঙ্গা এবং দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে ২০০৮-০৯ অর্থ বছরের রাজস্ব প্রণোদনা প্যাকেজে আশু করণীয় পদক্ষেপ হিসেবে সামাজিক নিরাপত্তা (খাদ্য) খাতের বরাদ্দ বৃদ্ধি করা হয়। বর্তমান ২০১০-১১ অর্থ বছরে সংশোধিত বাজেটে সামাজিক নিরাপত্তা খাতে ২০৪৭৬.৪৮ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। তাছাড়া, মধ্য ও দীর্ঘ মেয়াদে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কার্যক্রম (২০১০-১১) -এর আওতায় পলিসি সাপোর্ট হিসেবে গৃহীত পদক্ষেপসমূহ বাস্তবায়নের অংশ হিসেবে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হয়েছেঃ

- চলতি অর্থবছরে বয়স্ক, দুঃস্থ মহিলা, অসচ্ছল মুক্তিযোদ্ধা, প্রতিবন্ধী, এতিম, প্রভৃতি জনগোষ্ঠীর জন্য বিভিন্ন ভাতা হিসেবে নগদ প্রদান ও খাদ্য নিরাপত্তা কার্যক্রমের পরিধি ও বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে।
- সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য (এমডিজি) রেখে দারিদ্র বিমোচন লক্ষ্যমাত্রা অর্জনকল্পে ২০১০-১১ অর্থবছরের সংশোধিত বাজেটে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সামাজিক নিরাপত্তা খাতে ২০৪৭৬.৪৮ কোটি টাকা বরাদ্দ রয়েছে। সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় নগদ প্রদান হিসেবে বয়স্ক ভাতা বাবদ ৮৯১ কোটি টাকা, স্বামী পরিত্যক্তা দুস্থ মহিলাদের জন্য ৩৩১.২ কোটি টাকা, অসচ্ছল মুক্তিযোদ্ধা সম্মানী ৩৬০ কোটি টাকা সহ আরো ১১টি কার্যক্রমের অনুকুলে নগদ ভাতা প্রদানের জন্য মোট ৬০৮৫.৯১ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এছাড়া ২০১০-১১ অর্থবছরে জলবায়ু পরিবর্তন তহবিল বাবদ ৭০০.০০ কোটি টাকা, কর্মজীবী ল্যাকটেটিং মহিলাদের শ্রমিক কল্যাণ তহবিল বাবদ ৩০.০০ কোটি টাকা, ন্যাশনাল সার্ভিসের জন্য ২০৫ কোটি টাকা ও বিভিন্ন কর্মসূচির জন্য ১০১৪.২০ কোটি টাকা থোক বরাদ্দ দেয়া হয়েছে।
- দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (PKSF), মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (MDF), সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (SDF), বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (BNF), ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড (IDCOL) প্রভৃতি প্রতিষ্ঠানের কাছে ন্যস্ ক্ষুদ্র ঋণ ও বিনিয়োগ তহবিল সমহের সঞ্চালন গতি বৃদ্ধির চেষ্টা অব্যাহত রয়েছে। ২০১০-১১ অর্থবছরে PKSF, SDF ও BNF এর ক্ষুদ্র ঋণ কর্মসূচি বাবদ বরাদ্দ যথাক্রমে ১১৬.৫২ কোটি টাকা, ২১৪ কোটি (সংশোধিত বরাদ্দ) টাকা ও ৬.৫০ কোটি টাকা দেয়া হয়েছে।

- সরকারী শিশু পরিবার ও অন্যান্য নিবাসীদের খোরাকী ভাতা ২১.৭০ কোটি টাকা হতে ২২.৯০ কোটি টাকা, শহীদ পরিবার ও মুক্তিযোদ্ধাদের জন্য রেশন বাবদ ১৩.৪০ কোটি টাকা হতে ২৭.০০ কোটি টাকায় উন্নীত করা হয়েছে। এছাড়া, দুর্যোগ অনুদান হিসেবে থোক বরাদ্দ ৮৫ কোটি টাকা হতে বৃদ্ধি করে ১০০ কোটি টাকা করা হয়েছে।
- সরকারের fiscal কার্যক্রম অব্যাহত এবং জোরদার করার প্রয়োজনে বিশ্বব্যাংক এবং এশীয় উন্নয়ন ব্যাংকসহ উন্নয়ন সহযোগী সংস্থাসমহের বিশেষ বাজেট সহায়তা (Budget Support) গ্রহণের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।
- পল্লী উন্নয়ন বোর্ড, যুব উন্নয়ন অধিদপ্তর, সমাজকল্যাণ অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বিসিক প্রভৃতি প্রতিষ্ঠানের কাছে বিদ্যমান ঘর্ণায়মান ক্ষুদ্রঋণ তহবিলসমহের সঞ্চালন ও প্রচলন গতি বৃদ্ধির জন্য উদ্যোগ অব্যাহত রয়েছে।

প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দারিদ্র বিমোচনের জন্য উপরোক্ত পদক্ষেপসমূহসহ আরো কতিপয় কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সামাজিক নিরাপত্তা ও সামাজিক ক্ষমতায়ন খাতে নিম্নলিখিত কার্যক্রমের অনুকূলে বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে:

সারণি ১৩.৯: সামাজিক নিরাপত্তা ও সামাজিক ক্ষমতায়ন খাত

(কোটি টাকায়)

কার্যক্রম	বাজেট (২০০৯-১০) (সংশোধিত)	বাজেট (২০১০-১১) (সংশোধিত)
নগদ প্রদানসহ (বিভিন্ন ভাতা) ও অন্যান্য কার্যক্রম	৫,৫৩৯.২৮	৬০৫৬.৭১
নগদ প্রদান (বিশেষ) কার্যক্রমঃ সামাজিক ক্ষমতায়ন	১৬১.০০	৫৫.৫২
খাদ্য নিরাপত্তা কার্যক্রমসমূহঃ সামাজিক নিরাপত্তা	৪৯৩২.৪৮	৭১৯৩.২৭
ক্ষুদ্র ঋণ কর্মসূচি	৩৯৫.০০	৩৪০.০২
বিভিন্ন তহবিল	৩,০৯৬.৩৪	৩৩০৮.১৩

- **সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসচির আওতায় নগদ অর্থ সহায়তা প্রদান কার্যক্রম:**

ডিসেম্বর ২০১০ পর্যন্ত বিভিন্ন ভাতা বাবদ ৩৩৫৩ কোটি টাকা বিতরণ করা হয়েছে। খাদ্য নিরাপত্তাসহ বিভিন্ন কর্মসংস্থানমূলক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের কাজ এগিয়ে চলেছে। ন্যাশনাল সার্ভিস কর্মসূচি গ্রহণ করে এ পর্যন্ত মোট ৩৫,৭২৬ জনকে প্রশিক্ষণ প্রদান করে ২১৩৯৯ জনকে অস্থায়ী কর্মসংস্থান প্রদান করা হয়েছে। **সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসচির** আওতায় **নগদ অর্থ সহায়তা প্রদান** বিষয়ক উল্লেখযোগ্য কার্যক্রম সমূহ সংক্ষেপে নিম্নরূপ:

বয়স্ক ভাতা কর্মসূচি: সমাজকল্যাণ মন্ণালয়াধীন এ কর্মসচির আওতায় ২০১০-১১ অর্থবছরে মাথাপিছু মাসিক ৩০০ টাকা হারে ২৪.৭৫ লক্ষ ভাতা ভোগী উপকৃত হচ্ছে। ২০১০-১১ অর্থবছরে এ বাবদ ৮৯১ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছে এবং ফেব্রুয়ারী ২০১১ পর্যন্ত ৪১৮.৭৭ কোটি টাকা বিতরণ করা হয়েছে।

এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পূণর্বাসন তহবিল: সমাজ কল্যাণ মন্ণালয় এসিড নিক্ষেপের ফলে নির্যাতিতা মহিলাদের জন্য গঠিত "এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন" তহবিলের আওতায় ২০১০-১১ অর্থবছরে ২ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ২ কোটি টাকা বিতরণ করা হয়েছে।

অস্বচ্ছল প্রতিবন্ধীদের জন্য ভাতাঃ সমাজ কল্যাণ মন্ণালয় কর্তৃক বাস্তবায়নাধীন এ কর্মসূচীর জন্য ২০১০-১১ অর্থবছরে বরাদ্দ রয়েছে ১০২.৯৬ কোটি টাকা এবং ফেব্রুয়ারী ২০১১ পর্যন্ত ৪৬.৩৩ কোটি টাকা বিতরণ করা হয়েছে। এ কর্মসূচির আওতায় মাসিক ৩০০ টাকা হারে ২.৮৬ লক্ষ প্রতিবন্ধী উপকৃত হচ্ছে।

বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা কার্যক্রমঃ গ্রামের দরিদ্র, অসহায় ও অবহেলিত মহিলা জনগোষ্ঠী বিশেষ করে বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের জন্য প্রবর্তিত এ কর্মসচির অধীনে ২০১০-১১ অর্থবছরে মাথাপিছু মাসিক ভাতা ৩০০ টাকা। ২০১০-১১ অর্থবছরে এ বাবদ ৩৩১.২০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

দরিদ্র মায়ের জন্য মাতৃকালীন ভাতা: দরিদ্র গর্ভবতী মহিলাদের জন্য প্রবর্তিত এ কর্মসচির অধীনে ২০১০-১১ অর্থবছরে ৮০ হাজার ভাতা- ভোগী থেকে ৮৮ হাজার ভাতা- ভোগীতে এবং মোট অর্থ বরাদ্দ ৩৩.৬০ কোটি টাকা থেকে ৪৩.২০ কোটি টাকায় উন্নীত করা হয়েছে। এ কর্মসূচির উদ্দেশ্য হল দরিদ্র মা ও শিশু মৃত্যু হার হ্রাস এবং মায়েদেরকে তাদের শিশুদের মাতৃদুগ্ধপানে উৎসাহিতকরণ।

অসচ্ছল মুক্তিযোদ্ধা সম্মানী ভাতাঃ এ কর্মসচির জন্য ২০১০-১১ অর্থবছরে বরাদ্দ ২২৫ কোটি টাকা হতে ৩৬০ কোটি টাকায় উন্নীত করা হয়েছে। এর আওতায় উপকারভোগীর সংখ্যা ১.২৫ লক্ষ হতে ১.৫০ লক্ষে এবং মাসিক ভাতার পরিমাণ ১৫০০ টাকা হতে ২০০০ টাকায় উন্নীত করা হয়েছে। ২০০৪-০৭ সময়কালের তুলনায় বর্তমানে এ ভাতার হার ৪ গুণ বৃদ্ধি পেয়েছে। কর্মসূচিটি মুক্তিযোদ্ধাদের জীবনযাত্রার মান উন্নয়ন এবং সামাজিক মর্যাদা বৃদ্ধিতে ভূমিকা রাখছে।

অসচ্ছল মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের জন্য প্রশিক্ষণ এবং আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কর্মসচিঃ মুক্তিযোদ্ধাদের কর্মসংস্থান ও জীবনযাত্রার মান উন্নয়নে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বিআরডিবির মাধ্যমে মাঠ পর্যায়ে ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করছে। ২০০৬-০৭ অর্থ বছর পর্যন্ত বিআরডিবির অনুকূলে ২৫.০০ (পচিশ) কোটি টাকা ছাড় করা হয়। ডিসেম্বর ২০১০ পর্যন্ত দেশের ৬৪টি জেলায় ২৩,৯১৪ জন অসচ্ছল মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে প্রশিক্ষণ দেয়া হয়েছে। এ কর্মসূচির লক্ষ্য মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের আত্মকর্মসংস্থানমলক কর্মকাণ্ডের উপযোগী দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলার জন্য একক বা যৌথভাবে বিভিন্ন ট্রেডে দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান করা। ঋণের হার ৫০০০ টাকা -১০০০০ টাকা।

- **গৃহহীনদের ঋণ ও অনুদান প্রদানের জন্য গৃহায়ন তহবিল**

দেশের গ্রামীণ গৃহহীন পরিবারের বাসস্থান সমস্যা নিরসন তথা দারিদ্র বিমোচনের লক্ষ্যে সরকার ১৯৯৭-৯৮ অর্থ বছরে ৫০.০০ কোটি টাকার বাজেট বরাদ্দের মাধ্যমে গৃহায়ণ তহবিল গঠন করে। গৃহায়ণ ঋণ বাস্তবায়নকারী সংস্থাগুলোকে (এনজিও) শতকরা ১ ভাগ হার সরল সুদে ঋণ প্রদান করা হয় এবং এ সংস্থাগুলো শতকরা ৫ ভাগ হার সরল সুদে সর্বোচ্চ ১০ বৎসর মেয়াদে সহজ শর্তে উপকারভোগীদের মধ্যে ঋণ বিতরণ করে থাকে। এছাড়া, বেসরকারী প্রতিষ্ঠানগুলি বিভিন্ন আয়বর্ধক কর্মসূচি গ্রহণ করে থাকে। ডিসেম্বর ২০১০ পর্যন্ত গৃহ নির্মাণ কর্মসচির আওতায় মোট ২০৯.৮১ কোটি টাকা বরাদ্দের বিপরীতে মোট ১২৪.৩০ কোটি টাকা ছাড়করণ এবং ৪৯,১১০টি গৃহের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে যাতে উপকারভোগীর সংখ্যা ২.৪৫ লক্ষ জন। এছাড়া, ইতোমধ্যে এ ইউনিট হতে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের অনুকূলে ১০.৮৪ লক্ষ টাকা অনুদান দেয়া হয়েছে। উল্লেখ্য, সারা দেশে মোট ৪৬৪টি এনজিও ৬৪টি জেলার ৪৩০টি উপজেলায় এ গৃহায়ণ ঋণ কার্যক্রম বাস্বায়ন করছে। ডিসেম্বর ২০১০ পর্যন্ত ১০০.২১ কোটি টাকা আদায়যোগ্য ঋণের মধ্যে ৮৮.৪৮ কোটি টাকা আদায় করা হয়েছে।

- **খাদ্য সাহায্য কর্মসূচির আওতায় চলমান বিভিন্ন কর্মসূচির অগ্রগতি**

কাজের বিনিময় খাদ্য (কাবিখা) কর্মসূচি: গ্রামীন অবকাঠামো সংস্কার কর্মসূচির খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ণালয়াধীন কাজের বিনিময় খাদ্য (কাবিখা) কর্মসচির আওতায় ২০১০-১১ অর্থবছরে প্রায় ৮৯০.৭৯ কোটি টাকা মূল্যের প্রায় ৩.৫৪ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য বরাদ্দ করা হয়েছে এবং ফেব্রুয়ারী ২০১১ পর্যন্ত ৭৫ মেট্রিক টন গম ও ৬৪ টি জেলায় ২৭৪.৫৬ কোটি টাকার প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।

ভিজিডিঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ণালয়াধীন এ কর্মসচির আওতায় ২০১০-১১ অর্থবছরে মোট ৭.৫ লক্ষ হতদরিদ্র মহিলার মধ্যে খাদ্য সহায়তা ও প্যাকেজ ট্রেনিং প্রদান করা হচ্ছে। ৬৪টি জেলায় উপকারভোগীদের মাঝে প্রতিমাসে ৩০ কেজি চাল/গম প্রদান করা হয়। চলতি বছর মোট ২.৬৫ মেট্রিক টন খাদ্য শস্য বরাদ্দ রয়েছে।

ভিজিএফঃ খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ণালয়াধীন এ কর্মসচির আওতায় ২০১০-১১ অর্থবছরে প্রায় ৫.৫০ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য বরাদ্দ করা হয়েছে এবং জানুয়ারী, ২০১১ পর্যন্ ৪৮.৫০ লক্ষ উপকারভোগীর মাঝে ১.০৫ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য বিতরণ করা হয়েছে।

গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টেস্ট রিলিফ-টিআর) ঃ খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ণালয়াধীন এ কর্মসচির আওতায় ২০১০-১১ অর্থবছরে প্রায় ৯৫৩.৮৮ লক্ষ টাকার ৪.১০ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য বরাদ্দ করা হয়েছে ।

- **সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় চলমান কর্মসূচি/প্রকল্প**

দারিদ্র বিমোচনে বিশেষ কর্মসচির মাধ্যমে দরিদ্র মানুষের সংখ্যা ব্যাপকভাবে হ্রাসের জন্য খাতভিত্তিক বিভিন্ন কর্মসূচি ও অন্যান্য পদক্ষেপের সঙ্গে বিভিন্ন উদ্ভাবনীমূলক প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় গত ২০০৯-১০ অর্থবছরে কতিপয় কর্মসূচি গ্রহণ করা হয়। এগুলির মধ্যে - অতি দরিদ্রের জন্য কর্মসংস্থান, ন্যাশনাল সার্ভিস, কৃষি খাতে জলাবদ্ধতা দূর এবং সেচের জন্য বিশেষ কার্যক্রম, বিদেশ প্রত্যাগত ও শ্রম বাজারে নতুন কর্মীদের দক্ষতা উন্নয়ন তহবিল, শিশু বিকাশ কেন্দ্র, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, একটি বাড়ি একটি খামার কর্মসূচির অনুকূলে ২০১০-১১ অর্থবছরে যথাক্রমে ১০০০ কোটি টাকা, ১৯০ কোটি টাকা, ১২০ কোটি টাকা,৭০ কোটি টাকা, ৫.৪১ কোটি টাকা ৯.৫৪ কোটি টাকা এবং ২৬৯.৭৭ কোটি টাকা বরাদ্দ রয়েছে।

অতি দরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচি

২০০৮-০৯ অর্থবছরে ১০০ দিনের কর্মসৃজন শীর্ষক কর্মসূচির ধারাবাহিকতায় পল্লী অঞ্চলে অতি দরিদ্র কর্মক্ষম বেকার জনগোষ্ঠীকে প্রাধান্য দিয়ে ২০০৯-১০ অর্থবছরে সারাদেশের জন্য ১,১৭৬ কোটি টাকা ব্যয়ে অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী গ্রহণ করা হয়। এর বৈশিষ্ট্য হল: বাংলাদেশের পল্লী অঞ্চলে অতি দরিদ্র বিশেষ করে এলাকার সক্ষম বেকার জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থান ও কর্মক্ষমতা বৃদ্ধি, সার্বিকভাবে জনগোষ্ঠী ও দেশের জন্য সম্পদ সৃষ্টি করা এবং গ্রামীন এলাকায় ক্ষুদ্র পরিসরে অবকাঠামো ও যোগাযোগ উন্নয়ন, যথাযথ রক্ষণাবেক্ষণ ও পরিবেশ উন্নয়ন। ২০১০-১১ অর্থবছরে সারাদেশে এ কর্মসূচি বাস্তবায়নের জন্য ১০০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। চলতি বছরে এ কর্মসূচির ১ম পর্যায়ে (সেপ্টেম্বর হতে নভেম্বর পর্যন্ত) ২৫,৫২৮ জন উপকারভোগীর কর্মসংস্থানের ব্যবস্থা করা হয় (নারী ২৯.৪% ও পুরুষ ৭০.৬%)। দেশের সব কয়টি জেলায় মোট ১৩,১৩৪টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে।

আশ্রয়ণ (দারিদ্র বিমোচন ও পুনর্বাসন) প্রকল্প

ঘূর্ণিঝড় আক্রান্ত ও গৃহহীন, ছিন্নমূল, নদী ভাঙ্গন কবলিত হতদরিদ্র পরিবারকে পুনর্বাসনের লক্ষ্যে ১৯৯৭ সালে গ্রহণ করা হয় আশ্রয়ণ প্রকল্প। ১৯৯৭-২০০২ পর্যন্ত সময়ে ৩০০ কোটি টাকা ব্যয়ে ৫০ হাজার পরিবারকে পূনর্বাসন করা হয়। এ প্রকল্পটির উপাদানগুলি একই থাকলেও ২০০২ সালে এটি আবাসন নামে চালু করা হয়। জুলাই ২০০২-ডিসেম্বর ২০১০ মেয়াদে আশ্রয়ণ প্রকল্প (ফেজ-২) গ্রহণ করা হয় ও ডিসেম্বর ২০১০ তে প্রকল্পটি সমাপ্ত হয়। এ প্রকল্পের মাধ্যমে ৫৮,৭০৩টি পরিবারকে পূনর্বাসন করা হয়েছে। ৫০ হাজার ভূমিহীন, গৃহহীণ ছিন্নমূল দরিদ্র পরিবারকে পুনর্বাসনের লক্ষ্যে জুলাই ২০১০-জুন ২০১৪ মেয়াদে ১১৬৯.১৭ কোটি টাকা ব্যয় সাপেক্ষে আশ্রয়ণ-২ প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের আওতায় ৩০ কোটি টাকা ব্যয় সম্বলিত ২৬৯টি পাকা ও সিআইশীট ব্যারাক নির্মাণের কাজ প্রক্রিয়াধীন। ৮৫টি প্রকল্পভুক্ত গ্রামের জন্য ১৭ হাজার মেট্রিক টন গম বরাদ্দ দেয়া হয়েছে।

একটি বাড়ি একটি খামার

সামগ্রিক উন্নয়নের মাধ্যমে প্রতিটি বাড়িকে অর্থনৈতিক কার্যাবলীর কেন্দ্রবিন্দু এবং প্রতিটি গ্রাম সংগঠনকে একটি স্বতন্ত্র ইউনিট হিসেবে গড়ে তোলার লক্ষ্য নিয়ে ১১৯৭.০০ কোটি টাকা ব্যয়ে প্রকল্পটি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির বাস্তবায়নকাল জুলাই ২০০৯ হতে জুন ২০১৪ পর্যন্ত। চলতি ২০১০-১১ অর্থবছরে এ প্রকল্পের অনুকূলে বরাদ্দ রয়েছে ২৬৯.৭৭ কোটি

টাকা। বাংলাদেশের ৬৪টি জেলার ৪৮২ টি উপজেলার ১,৯২৮ টি ইউনিয়নের ৯,৬৪০ টি গ্রামে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। উপকারভোগী পরিবারের সংখ্যা ৫,৭৮,৪০০। মার্চ ২০১১ পর্যন্ত ২৮৯২০ জন সুফলভোগীকে প্রশিক্ষণ ও ২৮৯২০ জনকে প্রশিক্ষণোত্তর সম্পদ সহায়তা দেয়া হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে সরকারি/বেসরকারি সুবিধা বঞ্চিত দরিদ্র/অতি দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নের জন্য অনুদান হিসেবে চাহিদা মাফিক বিভিন্ন উপকরণ ও সামগ্রী যেমন গৃহপালিত অর্থকরী পশুপাখি, পরিবেশ বান্ধব সামগ্রী সরবরাহ করা হয়। এছাড়াও চাহিদা ও দক্ষতাভিত্তিক প্রশিক্ষণের পর সুফলভোগী পর্যায়ে ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়। বর্তমানে প্রকল্পটি সংশোধনের প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। সংশোধিত প্রকল্পের আওতায় প্রতিটি পরিবারকে কৃষি, মৎস চাষ, পশু পালন ইত্যাদির মাধ্যমে খামার বাড়ি হিসেবে গড়ে তোলা, খামার বা জীবিকা ভিত্তিক কার্যক্রম নিশ্চিত করা হবে। ২০১৩ সালের মধ্যে প্রতিটি পরিবার কৃষি, মৎস চাষ, পশুপালন ইত্যাদি কাজের মাধ্যমে একটি কার্যকরী খামার বাড়ি হিসেবে গড়ে তোলার লক্ষ্যে প্রকল্পটি ৫৯২৫.৬৯ কোটি টাকা ব্যয় ও জুলাই ২০১১-জুন ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য সংশোধন করা হচ্ছে।

ঘরে ফেরা

ঘরে ফেরা কর্মসূচির মূল উদ্দেশ্য হলো-বস্তিতে মানবেতরভাবে বসবাসকারী ছিন্নমূল মানুষদের স্বস্তিকর পরিবেশে নিজ এলাকার বাসগৃহে প্রত্যাবাসন এবং কর্মসংস্থানের জন্য ঋণ প্রদানের মাধ্যমে গ্রামের বিভিন্ন উৎপাদনশীল কর্মকান্ডে সম্পৃক্ত করে গ্রামীণ অর্থনীতিতে নতুন প্রাণের সঞ্চার করা। ১৯৯৯ সালে ঘরে ফেরা কর্মসূচিটি চালুর পর ২০০১ সাল পর্যন্ত কৃষি ব্যাংকের মাধ্যমে ৪.২৩ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছিল। ২০০৯-১০ অর্থবছরে কর্মসূচিটি পুনরায় চালু করা হয় এবং ৫.০০ কোটি টাকা বাজেট বরাদ্দ রাখা হয় ।

মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ

গ্রামীণ দু:স্থ ও অসহায় মহিলাদের ঋণ প্রদানের মাধ্যমে আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা এবং তাঁদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধন করার লক্ষ্যে কর্মসূচিটি পরিচালিত হচ্ছে । মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক সারা দেশে ৬৪টি জেলায় ৪৭৩টি উপজেলায় এ কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। ২০০৩-০৪ অর্থবছর থেকে জানুয়ারী ২০১১ পর্যন্ত ক্রমপুঞ্জিতভাবে ৭৬,৮৯৯ জন মহিলার মধ্যে ৬০৮৭.৬৩ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে এবং ৩৯৬৬.২৫ লক্ষ টাকা আদায় হয়েছে। অপর দিকে, ২০০৪-০৫ অর্থবছর থেকে জাতীয় মহিলা সংস্থার অনুকূলে মোট ক্রমপুঞ্জিত বরাদ্দ (আবর্তক) ছিল ১৩৫০ লক্ষ টাকা এবং সদস্য সংখ্যা ২১,৯৫১ জন। মোট ১০৬ টি উপজেলায় এ ঋণ প্রদান কার্যক্রম বাস্তবায়িত হয়েছে।

- **২০১০-১১ অর্থবছরে গৃহীত কার্যক্রম**

সরকার বর্তমান অর্থবছরে দারিদ্র বিমোচনের লক্ষ্যে সামাজিক নিরাপত্তা কর্মসূচি এর আওতায় বাস্তবায়নের জন্য ২০০৯-১০ অর্থবছরে অনুন্নয়ন খাতে গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়ন ছাড়াও চলতি অর্থবছরে (২০১০-১১) নিম্নলিখিত নতুন তহবিল গঠন করেছেঃ

ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান

ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত দরিদ্র জনগোষ্ঠীকে পূনর্বাসন এবং বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে সরকার কর্তৃক সামাজিক নিরাপত্তার আওতায় একটি নতুন তহবিল গঠন করা হয়েছে। ২০১০-১১ অর্থবছরে ৬.৩২ কোটি টাকা বরাদ্দ রয়েছে।

২০১০-১১ অর্থবছরে উন্নয়ন খাতে দারিদ্র বিমোচন বিষয়ে নতুন প্রকল্প

১. অর্থনৈতিকভাবে পশ্চাৎপদ এলাকার জনগণের দারিদ্র বিমোচন ও জীবিকা নিশ্চিতকরণ (বরাদ্দ-১১ কোটি টাকা)

২. সামাজিক বনায়নের মাধ্যমে দারিদ্র নিরসন (বরাদ্দ ৯.৪২ কোটি টাকা)

৩. ধান, গম ও ভূট্টার উন্নত বীজের উন্নয়ন (বরাদ্দ-১০৯.৭৩ কোটি টাকা)

৪. Promotion of Legal and Social Empowerment (বরাদ্দ-২১.১৪কোটি টাকা)

- **দেশের বেকার যুবকদের কর্মসংস্থানের লক্ষ্যে কর্মসংস্থান ব্যাংক**

রাষ্ট্রীয় মালিকানাধীন এ আর্থিক প্রতিষ্ঠানটি বেকার বিশেষ করে শিক্ষিত বেকার যুবক ও যুব মহিলাদেরকে উৎপাদনমুখী এবং আয়বর্ধক কর্মকাণ্ডে ঋণ প্রদানের মাধ্যমে স্বাবলম্বী করে দারিদ্র বিমোচন করার লক্ষ্যে কাজ করছে। ব্যাংক বেকারদের মধ্যে সরল সুদে ও সহজ শর্তে ঋণ দিয়ে থাকে। ৬৪টি জেলা সদরে এবং ১১৭টি উপজেলা সদরসহ মোট ১৮১টি শাখার মাধ্যমে ঋণ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এ ব্যাংক কর্তৃক ডিসেম্বর ২০১০ পর্যন্ত মোট বিতরণকৃত ঋণের পরিমাণ (ক্রমপুঞ্জিত) ৯৬১.৫৭ কোটি টাকা এবং আদায়যোগ্য ৭৯৮.৮৬ কোটি টাকার বিপরীতে আদায়ের পরিমাণ ৭২০.৫১ কোটি টাকা (ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯০ শতাংশ)। দেশের ৬৪টি জেলার সুবিধাভোগীর মোট সংখ্যা ১,৯৬,৬৯১ জন এবং কর্মসংস্থান হয়েছে ৬,৯৯,২২৪ জনের।

কর্মসংস্থান ব্যাংকের কয়েকটি বিশেষ ঋণ কর্মসচি

- **শিল্প কারখানার স্বেচ্ছা-অবসরপ্রাপ্ত/কর্মচ্যুত শ্রমিক কর্মচারিদের কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ সহায়তাঃ**

কর্মসংস্থান ব্যাংক শ্রম ও কর্মসংস্থান ব্যাংকের সাথে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী এ কর্মসূচি বাস্তবায়ন করছে। শিল্প কারখানার স্বেচ্ছা-অবসরপ্রাপ্ত/চাকুরিচ্যুত শ্রমিক/কর্মচারিদের কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র বিমোচনের লক্ষ্যে স্বেচ্ছা- অবসরপ্রাপ্ত/শ্রমিক/কর্মচারিদেরকে প্রশিক্ষণ ও পুনঃকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র বিমোচনের লক্ষ্যে ২০০৪-০৫ ও ২০০৫-০৬ অর্থবছরে যথাক্রমে ১৭.৪৫ ও ২৩.৬০ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়। বরাদ্দকৃত উক্ত অর্থ আবর্তক হিসেবে ব্যবহৃত হচ্ছে। এ কর্মসচির আওতায় ডিসেম্বর ২০১০ পর্যন্ত মোট ১৪৭০০ জন অবসরপ্রাপ্ত/কর্মচ্যুত শ্রমিক/কর্মচারির অনুকূলে ৮০.৫২ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং আদায়ের হার ৭৭ শতাংশ।

- **কৃষিভিত্তিক শিল্পে ঋণ সহায়তা কর্মসচিঃ**

কৃষিভিত্তিক শিল্পে ঋণ সহায়তা প্রদানের জন্য অর্থ মন্ণালয়ের সাথে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী কর্মসংস্থান ব্যাংক এ কর্মসচি বাস্তবায়ন করছে। কর্মসংস্থান ব্যাংকের অনুকূলে ২০০৪-০৫ অর্থবছর হতে ২০০৮-০৯ অর্থবছর পর্যন্ত ছাড়কৃত মোট ৫০ কোটি টাকা হতে ডিসেম্বর ২০১০ পর্যন্ত ১৯৯৪ জন উদ্যোক্তার অনুকূলে ৫৩.৭৮ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে । এ ঋণের আদায়যোগ্য ৪২.৫৪ কোটি টাকার মধ্যে ৩৯ কোটি টাকা আদায় হয়েছে।

কর্মসংস্থান ব্যাংক কর্তৃক ডিসেম্বর ২০১০ পর্যন্ত ঋণ বিতরণ ও আদায় সংশ্লিষ্ট তথ্য সারণী ১৩.১০ এ দেয়া হল।

সারণি ১৩.১০: কর্মসংস্থান ব্যাংকের ডিসেম্বর ২০১০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ বিতরণের তথ্য

(কোটি টাকায়)

কর্মসূচির নাম	বিতরণ	আদায়যোগ্য	আদায়কৃত	আদায়হার	সুবিধাভোগী	কর্মসংস্হান সৃষ্টি
নিজস্ব কর্মসূচি	৮২৩.১৫	৬৮১.৫০	৬২৪.৮৬	৯২%	১৭১৭৬৯	৬২০০৮৬
বিশেষ কর্মসূচি	১৩৮.৪২	১১৬.৬৬	৯৫.৬৫	৮২%	২১৯২২	৭৯১৩৮
মোট	৯৬১.৫৭	৭৯৮.১৬	৭২০.৫১	৯০%	১৯৩৬৯১	৬৯৯২২৪

- **মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কার্যক্রম**

নারী-পুরুষের বৈষম্য দূরীকরণ, নারীদের দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ণালয়ধীন নারী উন্নয়ন নীতিমালা ২০১১ গ্রহণ ও বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। শিশু স্বার্থ রক্ষা ও অধিকার রক্ষা এবং শিশু কল্যাণের লক্ষ্যে জাতীয় শিশু নীতি গৃহীত হয়েছে। এ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচির মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে- "ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট (ভিজিডি)", ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট ফর আল্ট্রা পুওর (ভিজিডিইউপি), মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য

ক্ষুদ্রঋণ কার্যক্রম, খাদ্য নিরাপত্তাহীন দরিদ্র মহিলাদের উন্নয়ন (ভিজিডি), শিশুর বিকাশে প্রাক শিক্ষা প্রকল্প ইত্যাদি। ভিজিডি কার্যক্রমটি এ মন্ত্রণালয়ের সবচেয়ে বড় কার্যক্রম যার মাধ্যমে খাদ্য সহায়তা ও প্যাকেজ ট্রেনিং প্রদান করা হচ্ছে। ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট ফর আল্ট্রা পুওর (ভিজিডিইউপি) প্রকল্প কর্তৃক অর্থ সহায়তা ও আয়বর্ধক সামগ্রী প্রদানের মাধ্যমে ৮০ হাজার ভিজিডি কার্ডধারী দুঃস্থ মহিলাকে ২৪ মাস বৃত্তে মাসিক ৪০০ টাকা হারে আর্থিক অনুদান প্রদান করা এ প্রকল্পের মূল উদ্দেশ্য। তাদেরকে প্রশিক্ষণ ও আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে বাংলাদেশের চরম দরিদ্র বিশেষ করে মহিলা জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থা, পুষ্টিমান ও জীবনযাত্রার মান উন্নয়নের মাধ্যমে দারিদ্র বিমোচনের ব্যবস্থা করা হয়েছে। এ প্রকল্পের মোট ব্যয় ১৭৭১৫.৪২ লক্ষ টাকা এবং ২০১০-১১ বছরে এর অনুকূলে বরাদ্দ ৬১.৩০ কোটি টাকা যার মধ্যে প্রকল্প সাহায্য ৬০ কোটি টাকা।

গ্রামীণ দু:স্থ ও অসহায় মহিলাদের ঋণ প্রদানের মাধ্যমে আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা এবং তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধন করার লক্ষ্যে মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০০৯-১০ অর্থ বছরে এতে কোন বরাদ্দ দেয়া হয়নি। ২০০৩-০৪ অর্থ বছর থেকে ২০০৭-০৮ অর্থ বছর পর্যন্ত ক্রমপুঞ্জিতভাবে ৬০,৫৮৮ জন মহিলার মধ্যে ৩২.২৫ কোটি টাকা বিতরণ করা হয়েছে এবং ক্রমপুঞ্জিত মোট ব্যয় ৯০.৭৬ কোটি টাকা।

জাতীয় মহিলা সংস্থার আওতাধীন স্ব-কর্ম সহায়ক ঋণ কার্যক্রম মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ তহবিল হতে প্রাপ্ত ১২০ লক্ষ টাকার তহবিল দ্বারা পরিচালিত হয়ে থাকে। এর আওতায় ৫০০০ টাকা থেকে ২০,০০০ টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হয়। মহিলাদের আত্ম কর্মসংস্থানের লক্ষ্যে ক্ষুদ্র ঋণ পরিচালনার জন্য ২০০৩ থেকে ২০০৭ সাল পর্যন্ত জাতীয় মহিলা সংস্থার অনুকলে ১৩.৫০ কোটি টাকা বরাদ্দ (আবর্তক) ছিল। প্রাপ্ত অর্থ ঘুর্ণায়মান আকারে সংস্থার ৪৮টি উপজেলা এবং ৫৮টি সদর উপজেলা শাখা নিয়ে মোট ১০৬টি শাখা অফিসের মাধ্যমে মাথাপিছু ৫০০০ টাকা থেকে ১৫০০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

এছাড়া দরিদ্র মায়ের জন্য মাতৃত্বকালীন ভাতা, কর্মজীবী মহিলাদের জন্য হোস্টেল, ছোট শিশুদের দিবাযত্ন কেন্দ্র, মহিলা উদ্যোক্তাদের পণ্য বাজারজাতকরণের সুবিধার্থে বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র স্থাপন, বিভিন্ন স্থানে মহিলাদের জন্য দুস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল, কৃষি ও কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন ও প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মহিলাদের আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে ও দারিদ্র বিমোচনে ভূমিকা রাখছে।

- **দারিদ্র বিমোচনে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কার্যক্রম**

২০১৩ সালের মধ্যে দারিদ্রের হার যথাক্রমে ২৫ ও ১৫ শতাংশে নামিয়ে আনার ক্ষেত্রে এ বিভাগ কর্তৃক প্রণীত স্বল্প ও দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত কর্মসূচিসমূহ গুরুত্বপূর্ণ অবদান রাখছে। এ জন্য এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে দেশের দারিদ্র বিমোচন, পল্লী জনগণের সার্বিক উন্নয়নসহ আত্ম-নির্ভরশীল করার লক্ষ্যে ক্ষুদ্রঋণ কার্যক্রম জোরদারকরণ, অর্থনৈতিক উৎপাদন বৃদ্ধি, কর্মসংস্থান ও মানব সম্পদ উন্নয়ন ইত্যাদি বিষয় সংশ্লিষ্ট বিভিন্ন উন্নয়ন প্রকল্প ও কর্মসূচি গ্রহণ করা হয়েছে। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক বাস্তবানাধীন প্রকল্প/কর্মসূচির মধ্যে একটি বাড়ি একটি খামার, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি), ইকনমিক এম্পাওয়ারমেন্ট অব দি পুওরেস্ট ইন বাংলাদেশ (ইইপি) প্রকল্প দারিদ্র বিমোচনে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে।

সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)

